

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৩১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ চাশতের সালাত আদায় করার কারণে মহান আল্লাহ সাদাকা করা সাওয়াব লিখে দেন

ذَكْرُ كِتْبَةِ اللَّهِ جَلَّ وَعَلَا الصَّدَقَةَ لِلْمَرْءِ بصلاة الضحى

আরবী

2531 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ الْخَلِيلِ حَدَّثَنَا أَبُو كُرَيْبِ حَدَّثَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ حَدَّثَنَا حُسَيْنُ بْنُ وَاقِدٍ حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ بُرَيْدَةَ عَنْ أَبِيهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى لَلَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فِي الْإِنْسَانِ ثَلَاثُ مئة وَسِتُونَ مَقْصِلًا عَلَى كُلِّ مَقْصِلٍ صَدَقَةٌ) قَالُوا: يَا رَسُولَ اللَّهِ فَمَنْ يُطِيقُ ذَلِكَ؟ قَالَ: (تُنَحِّي الأذى وإلا فركعتي الضحى) الراوي: زَيْد بْن أَرْقَمَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1253 ا خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (2/ 213).

বাংলা

২৫৩১. বুরাইদা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "একজন মানুষের মাঝে ৩৬০ টি জোড় রয়েছে। আর প্রতিটি জোড়ের জন্য সাদাকা করা জরুরী।" সাহাবীগণ আরজ করলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এমনটা করতে কে সক্ষম হবে?" জবাবে তিনি বলেন, "তুমি কষ্টদায়ক বস্তু অপসারণ করবে আর তা না হলে চাশতের দুই রাকা'আত সালাত (এক্ষেত্রে যথেষ্ট হয়ে যাবে)।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৫৫৩; সুনান বাইহাকী: ২/২৯১; আত তায়ালিসী: ৪৮৩; মুসনাদ আহমাদ: ৫/১৭৮; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ২৩০; আবূ আওয়ানা: ১/৪০৬; বাগাবী, শরহুস সুন্নাহ: ৪৮৯; তাহাবী, মুশকিলুল আসার: ৯৯; আবূ দাউদ: ৫২৪২।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২/২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন